

আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ৪৩

আরবি মূল আয়াত:

وَّ ظِلٍّ مِّن يَّحْمُومٍ ﴿٤٣﴾

অনুবাদসমূহ:

আর প্রচন্ড কালো ধোঁয়ার ছায়ায়, — আল-বায়ান

আর কালো ধোঁয়ার ছায়ায়, — তাইসিরুল

কৃষ্ণ বর্ণ ধূমের ছায়ায়, — মুজিবুর রহমান

And a shade of black smoke, — Sahih International

৪৩. আর কালোবর্ণের ধূয়ার ছায়ায়,

-

তাফসীরে জাকারিয়া

(৪৩) কালোবর্ণ ধোঁয়ার ছায়ায়। [1]

[1] يَحْمُومٌ আগুনের এমন তাপ বা গরম হাওয়া, যা শরীরের লোমকূপে ঢুকে যায়। فُتُوتُ পানি। حَمِيمٌ শব্দটি حَمَمَةٌ থেকে উদ্ভূত; অর্থ কালো। আর যদি অত্যধিক কালো জিনিস হয়, তাহলে أَحْمَرٌ হয়। يَحْمُومٌ এর অর্থ হল অতি কালো ধোঁয়া। অর্থ হল, জাহান্নামীরা জাহান্নামের শাস্তি থেকে অতিষ্ঠ হয়ে এক ছায়ার দিকে দৌড়বে। কিন্তু সেখানে যখন পৌঁছবে, তখন দেখবে যে, সেটা ছায়া নয়, বরং জাহান্নামের আগুনেরই অতি কালো ধোঁয়া। কেউ কেউ বলেছেন, এটা حَمٌّ শব্দটি থেকে গঠিত। আর তা হল সেই চর্বি, যা আগুনে দগ্ধ হয়ে হয়ে কালো হয়ে যায়। অন্যরা বলেছেন, এটা حَمَمٌ থেকে গঠিত; যার অর্থ কয়লা। তাই ইমাম যাহ্বাক বলেন, আগুনের রঙও কালো, জাহান্নামীরাও হবে কালো এবং জাহান্নামে যা কিছু হবে সবই হবে কালো। اللَّهُمَّ أَجْرُنَا مِنَ النَّارِ

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5022>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন